গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি মাধ্যমিক-২ অধিশাখা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭১.১৮.২০৫.১৮-৬৭৬ তারিখ: ০৯ অগ্রহায়ণ, ১৪২৮ / ২৪ নভেম্বর, ২০২১

**বিষয়: ২০২১ সালের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি), আলিম, এইচএসসি (ভোকেশনাল), এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) এবং ডিপ্লোমা-ইন-কমার্স চূড়ান্ত পরীক্ষা চলাকালীন মোবাইল ব্যাংকিং-এ অস্বাভাবিক লেনদেন মনিটরসহ অর্থ প্রেরণে জাতীয় পরিচয়পত্র গ্রহণ বাধ্যতামূলককরণ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, আগামী ০২ ডিসেম্বর, ২০২১ বৃহস্পতিবার থেকে দেশব্যাপী উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি), আলিম, এইচএসসি (ভোকেশনাল), এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) এবং ডিপ্লোমা-ইন-কমার্স চূড়ান্ত পরীক্ষা উপলক্ষে অনুষ্ঠিত জাতীয় মনিটরিং ও আইনশৃঙ্খলা কমিটি'র সভায় গৃহীত সিদ্ধান্ত অনুসারে নিম্নবর্ণিত কার্যক্রম বাস্তবায়নের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

ক. যদি কোন মোবাইল নম্বরে একাধিকবার একই অংকের টাকার সন্দেহজনক লেনদেন হয় তাহলে সংশ্লিষ্ট এজেন্ট/ভেন্ডার নিকটস্থ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে অবহিত করবে। একইসাথে মোবাইল ব্যাংকিং পরিচালনাকারী প্রতিষ্ঠানসমূহ কেন্দ্রীয়ভাবে সন্দেহজনক লেনদেন নির্ণয় করে নিকটস্থ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে অবহিত করার জন্য বাংলাদেশ ব্যাংক থেকে নির্দেশনা জারি করতে হবে।

খ. কোন মোবাইল নম্বরে সন্দেহজনক/অস্বাভাবিক লেনদেন হলে তা চিহ্নিত করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা।

গ. বিকাশ, রকেটসহ মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে অর্থ প্রেরণের ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্রের কপি গ্রহণ বাধ্যতামূলক করা।

২৪/১১/২১

খালেদা আখতার
যুগ্মসচিব
ফোন: ৯৫৭৬৭৮০
ইমেইল: ds_sec1@moedu.gov.bd

গভর্নর
বাংলাদেশ ব্যাংক
মতিঝিল, ঢাকা

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭১.১৮.২০৫.১৮-৬৭৬ তারিখ: ০৯ অগ্রহায়ণ, ১৪২৮ / ২৪ নভেম্বর, ২০২১

**অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১. মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়
০২. উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়
০৩. সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
০৪. অতিরিক্ত সচিব (মাধ্যমিক-১)-এর ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

খালেদা আখতার
যুগ্মসচিব